

‘ইনোভেশন ইন ক্যামিকেল এডুকেশন’ শীর্ষক ডঃ দাসের আলোচনাচক্রে আপ্লুত শিক্ষার্থীরা

Posted on November 12, 2018 by santanu99 —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ১২ নভেম্বর ॥ শিক্ষামূলক আলোচনাচক্রে রসায়নকে আরও সহজবোধ্য ভাবে বিজ্ঞানের পড়ুয়াদের সামনে প্রতিষ্ঠাপন করে ছাত্র-ছাত্রীদের মন কেড়ে নিল ডঃ অরিজিৎ দাস। গত ৮ই নভেম্বর কৈলাশহর পুর পরিষদ এবং শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে ঊনকোটি জেলার কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রেক্ষাগৃহে এক শিক্ষামূলক আলোচনাচক্রের আয়োজন করা হয়। উক্ত আলোচনাচক্রের বিষয় ছিল ‘ইনোভেশন ইন ক্যামিকেল এডুকেশন’। এই আলোচনাচক্রে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা বাধারঘাটস্থিত রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাস। অনুষ্ঠানে ডঃ দাসের



আবিষ্কৃত রসায়নের সহজ শিক্ষাদান পদ্ধতি ও সূত্রগুলি দ্বারা কৈলাশহরের বিভিন্ন বিদ্যালয় থেকে আসা টি বি এস ই এবং সি বি এস ই বোর্ডের পড়ুয়াদের সামনে রসায়নকে আরও সহজবোধ্য ভাবে প্রতিষ্ঠাপন করে। পাশাপাশি ডঃ দাস পড়ুয়াদের বিভিন্ন প্রতিযোগিতামূলক যেমন এন ই ই টি, জে ই ই মেইনস ও এডভান্স এবং এস টি পি জি টি-এর প্রশ্নপত্র সমাধান করে দেন। ডঃ দাসের আবিষ্কৃত এই সহজ পদ্ধতিগুলি পেয়ে উপস্থিত ছাত্র-ছাত্রীরা আপ্লুত হয়ে উঠে। এদিনের শিক্ষামূলক আলোচনাচক্র অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের কাউন্সিলার নিতিশ দে, জেলা শিক্ষা আধিকারিক শ্যামল দাস, অবসরপ্রাপ্ত শিক্ষক প্রদীপ পাল, কৈলাশহর পুর পরিষদের টাউন সুপারভাইজার সজল দেব প্রমুখ।

এই শিক্ষামূলক আলোচনাচক্র অনুষ্ঠানে ভারত সরকার সদ্য স্বীকৃতিপ্রাপ্ত ডঃ দাসের আবিষ্কৃত রসায়নের ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি সূত্রের স্বীকৃতি পত্রটি কৈলাশহর পুর পরিষদের কাউন্সিলার নিতিশ দে হাতে তুলে দেন ডঃ দাস।

উল্লেখ্য, গত ৭ই আগস্ট, ২০১৮ (মঙ্গলবার) ভারত সরকারের কপি রাইট দপ্তর আগরতলা ডঃ অরিজিৎ দাসের আবিষ্কৃত রসায়নের ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি সূত্রকে মান্যতা দিয়েছেন। যার রেজিস্ট্রেশন নম্বর হল L-77140/2018।

 Share / Save 

This entry was posted in [ত্রিপুরা](#) by [santanu99](#). Bookmark the [permalink](#) [<http://newsupdateoftripura.com/archives/22279>].